দৈনিক খবর
তারিখ 04 AUG 1992
পৃষ্ঠা ৮ কলাম ৪

১শ' ছাত্রের দেহ তল্লাশী

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১০টি চেকপোস্ট

।।স্টাফ রিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অস্ত্রধারীদের পাকড়াও করার উদ্দেশ্যে গতকাল সোমবার ব্যাপক তল্লাশী অভিযান চালানো হয়। ভ্রাম্যমাণ চেক পোস্ট বসিয়ে ১০টি পয়েন্টে কমপক্ষে একশ'জন ছাত্রের দেহ তল্লাশী করা হয়েছে। পুলিশ সূত্র জানিয়েছে, অপারেশন অগাস্ট '৯২-এর অংশ হিসেবে এ অভিযান পরিচালনা করা হয়েছে। তবে পুলিশ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে কোন অস্ত্র উদ্ধার বা কাউকে গ্রেফতার করতে সক্ষম হয়নি।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থানরত বহিরাগত অস্ত্রধারী ও তালিকাভুক্ত অপরাধীদের বিরুদ্ধে পুলিশের এ অভিযান মাসাধিককাল চলবে বলে জানা গেছে। পুলিশী অভিযান অব্যাহত থাকলেও ক্যাম্পাসে গতকালও অস্ত্রধারীদের আনাগোনা কমেনি। তবে গতকাল কোন অপ্রীতিকর ঘটনা ক্যাম্পাস এলাকায় ঘটেনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন সংলগ্ন মধুর কেন্টিন এলাকায় সকাল ১০টা থেকে এ অভিযান চলে। টিএসসি, ফুলার রোড এস এম হল গেট, জগন্নাথ হল গেট, জহরুল হক হল গেটসহ অন্যান্য স্থানে ভ্রাম্যমাণ কয়েকটি দল ছাত্রদের দেহ তল্লাশী অভিযান পরিচালনা করেছে। তবে সাধারণ ছাত্রদের দেহ তল্লাশী করা হয়নি বলে পুলিশ জানিয়েছে। মূলতঃ যাদেরকে দেখতে একটু বখাটে প্রকৃতির মনে হয় তাদেরকেই সিগনাল দিয়ে দেহ তল্লাশী করা হয়েছে। ক্যাম্পাস এলাকায় কর্তব্যরত একজন পুলিশ অফিসার জানিয়েছেন, যাদের চেহারা ও চলনের ভাবভঙ্গি সন্দেহজনক মনে হয় তাদের দেহ তল্লাশী করা হয়েছে। সাধারণ ছাত্রদের এ অভিযানে বিরক্ত করার ইচ্ছা তাদের একান্তই নেই।

ক্যাম্পাসের সার্বিক অবস্থা উন্নতির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত রোববার একটি কমিটি গঠন করার পর গতকালও তারা কোন কাজ করেনি। তবে পুলিশ অপারেশন অগাস্ট '৯২ নামে যে

২ এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

অভিযান সারা ঢাকা শহরে শুরু করেছে তারই অংশ হিসেবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশ এ তৎপরতা শুরু করেছে। দেহ তল্লাশী করা হয়েছে এমন একজন ছাত্র এ প্রতিবেদককে গতকাল জানিয়েছে, পুলিশের এ অভিযান ফলপ্রসূ হবে যদি পুলিশ নিরপেক্ষভাবে তাদের দায়িত্ব পালন করে। তবে পুলিশের সীমাবদ্ধতার কারণে এ অভিযান ফলপ্রসূ নাও হতে পারে। এ ছাত্রটি আরো জানিয়েছে, পুলিশের অভিযানের কথা অস্ত্রধারীরা প্রায় একই সময় যে কোন মাধ্যমে জেনে ফেলতে পারে। অস্ত্রবাজ ও বহিরাগতদের আনাগোনা গতকালও ক্যাম্পাসে প্রচুর পরিলক্ষিত হয়েছে।

জানা গেছে, পুলিশ যাদের গতকাল সন্দেহমূলকভাবে দেহ তল্লাশী করেছে তাদের অধিকাংশই অস্ত্রধারী নয়। তাদের চাল চলনে একটু ভিন্নতা থাকলেও ক্যাম্পাসে তাদের কেউ অস্ত্রধারী হিসেবে চেনেনা।

গত রোববার বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকা থেকে পুলিশ একটি নম্বর বিহীন মোটর সাইকেল ও আট রাউন্ড গুলী ভর্তি একটি কাটা রাইফেল উদ্ধারের পর সারা ক্যাম্পাসে তাদের তৎপরতা বৃদ্ধি করে। জহরুল হক হলের সামনে দেহ তল্লাশীর সময় একজন ছাত্র অস্ত্রসহ ব্রীফকেস ফেলে পালিয়ে গেছে বলে একটি গুজব ছড়িয়ে পড়লেও পুলিশ এ ধরনের ঘটনার সত্যতা অস্বীকার করেছে। আগামী এক

আগামী এক মাস এ তল্লাশী অভিযানসহ পুলিশ আরো কিছু ব্যবস্থা অস্ত্রধারীদের বিরুদ্ধে গ্রহণ করবে বলে জানা গেছে।